Department of Education
Chancellor Richard A. Carranza

24 নভেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আসন্ন থ্যাংকস্‌গিভিং উপলক্ষে, আমি আপনাদের ধৈর্য ও অংশীদারিত্বের জন্য আমার কৃতজ্ঞতা জানানোর পাশাপাশি, আপনাদের ও আপনাদের সন্তানদের পরিষেবা দিতে পেরে আমি কতটা সম্মানিত তা জানাতে চাই। আমরা এ বছর একসাথে অনেক কিছু মোকাবিলা করেছি। কিন্তু এই কঠিন সময় সত্ত্বেও, আমরা সমগ্র দেশ ও বিশ্বকে দেখিয়েছি যে, নিউ ইয়র্ক সিটি শুধুমাত্র একটি বিস্তৃত মহানগরীই নয়, এটা ভাল, আন্তরিক মানুষের সমন্বয়ে গঠিত একটি কমিউনিটি, যারা—দুর্যোগের সময়—একে অন্যকে সুরক্ষা ও সহায়তা করতে এগিয়ে আসে।

আমাদের সশরীরে শিক্ষা গ্রহণের সকল স্কুল ভবনগুলো এই বছর দ্বিতীয়বারের মত বন্ধ করে দেয়া স্কুল চ্যান্সেলর হিসেবে আমার জন্য সবচেয়ে কষ্টকর সিদ্ধান্ত ছিল। আমি জানি ক্লাসরুমে ফিরে যাওয়া এবং শিক্ষক ও সহপাঠীদের মুখোমুখি হতে পেরে উদ্দীপিত হাজার হাজার শিক্ষার্থীর জন্য এটা হতাশজনক। এটা সেসব প্রাপ্তবয়স্ক, যারা সময়সূচি ও জীবনে আরো সামঞ্জস্য করতে বাধ্য হয়েছে তাদের জন্য সমভাবে কষ্টকর। কিন্তু, এই বন্ধ সাময়িক, এবং নিরাপদ নির্ধারিত হওয়ার সাথে সাথেই আমরা পুনরায় খুলবো। আপনি ও আপনার পরিবার এই প্রয়াশের একটি অংশ—কারণ COVID-19 -এর সংক্রমণের হার কমিয়ে আমাদের দরজা শিক্ষকতা ও শিক্ষণের জন্য পুনরায় খুলতে আবারও সকলের একসাথে কাজ করতে হবে।

সামগ্রিকভাবে সিটিজুড়ে COVID-19 সংক্রমণের ক্রমবর্ধমান হার অত্যন্ত উদ্বেগজনক, এবং আমাদের স্কুল কমিউনিটিগুলোর জন্য আমাদের অবশ্যই সাবধানতা জোরদার করতে হবে। সেজন্য, স্কুলের অভ্যন্তরে পরীক্ষা বা টেস্টিংয়ের জন্য একটি স্বাক্ষরকৃত সম্মতি ছাড়া কোনো শিক্ষার্থীকে বিল্ডিংয়ে প্রবেশ করতে দেয়া হবে না। আপনার সন্তান সশরীরে শিক্ষা পুনরায় শুরু করার প্রথম দিন আপনার সম্মতি পত্র অবশ্যই জমা দিতে হবে। আপনি যদি ইতোমধ্যে আপনার সন্তানের জন্য সম্মতি পত্র NYCSA-এর মাধ্যমে অথবা কাগজের ফর্ম জমা দিয়ে থাকেন, আমাদের কাছে সর্বসাম্প্রতিক তারিখের পত্রটি আছে তা নিশ্চিত করতে আমরা আপনাকে আবার জমা দিতে উৎসাহিত করছি। নিচে আপনি সম্মতি পত্র জমা দেয়ার সহজ উপায় খুঁজে পাবেন।

ইতোমধ্যে, পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) আপনি ও আপনার সন্তানকে সর্বোচ্চ অর্জনে সহায়তা করতে আমরা কিছু সংস্থান বা রিসোর্স একত্রিত করেছি। পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে, আপনি উল্লিখিত তথ্যগুলো পাবেন:

- দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস
- দূর থেকে বা রিমোট শিক্ষা নির্দেশনার জন্য উপস্থিতির শর্তাবলী
- 2020-21 শিক্ষা বছরে গ্রেড প্রদান
- স্কুলের অভ্যন্তরে পরীক্ষা বা টেস্টিংয়ের জন্য কীভাবে সম্মতি প্রদান করতে হবে (যখন মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং পুনরায় শুরু হবে)

এছাড়াও আমাদের শিক্ষকগণ এবং কলেজ ও ক্যারিয়ার কাউন্সিলারদের সম্মান জানানোর জন্য সম্প্রতি চালু হওয়া বার্ষিক বিগ অ্যাপেল অ্যাওয়ার্ডস্ সম্পর্কে আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। এই বছর, শিক্ষক ও কাউন্সিলার যারা আপনার সন্তানের জীবনে অবদান রেখেছেন তাদের সম্মান জানানো বিশেষভাবে গুরুত্বপূর্ণ অনুভূত হচ্ছে। বিগ অ্যাপেল অ্যাওয়ার্ডস্-এর ওয়েবসাইট schools.nyc.gov/bigappleawards ভিজিট করে 10 জানুয়ারি, 2021 তারিখের মধ্যে একজন শিক্ষককে মনোনয়ন করুন।

Department of Education
Chancellor Richard A. Carranza

এবং আমাদের হাই স্কুল পরিবারদের জন্য দ্রুত স্মরণ করিয়ে দিতে চাই যে বোর্ড অভ রিজেন্টস্ এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট জানুয়ারি, 2021-এর জন্য সময়সূচিকৃত সকল রিজেন্টস্ পরীক্ষা বাতিল করেছে। জুন এবং অগাস্ট, 2021-এর রিজেন্টস পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কোনো সিদ্ধান্ত এখনও নেয়া হয়নি, কিন্তু আমাদের হাতে হালনাগাদ তথ্য আসা মাত্রই আমরা তা শেয়ার করবো।

এই অভাবনীয় বছরের তাৎক্ষণিক সমস্যা ও চাহিদাগুলোর প্রতি আমরা অব্যাহতভাবে মনোনিবেশ করার পাশাপাশি, আমরা ভবিষ্যৎ সম্পর্কেও চিন্তা করছি, বিশেষত মিডল্ ও হাই স্কুল অ্যাডমিশন্স নিয়ে। আমরা সতর্কতার সাথে 2021-22 শিক্ষা বছরের ভর্তি নীতিমালা সম্পর্কে সকল সম্ভাব্য পথ যাচাই করছি, এবং যত শীঘ্রই সম্ভব হালনাগাদ তথ্য শেয়ার করার প্রত্যাশা করছি।

বহু অপ্রত্যাশিত চ্যালেঞ্জ সত্ত্বেও আমরা একসাথে অনেক কিছু অর্জন করেছি। আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে আপনার সন্তান যেন তাদের প্রাপ্য উচ্চ-মানসম্পন্ন শিক্ষা অব্যাহতভাবে অর্জন করতে পারে, সেজন্য DOE-এর সকলে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে।

আমি এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সকলের পক্ষ থেকে, আমি আপনি ও আপনার পরিবারের সকলকে একটি আনন্দময়, সুস্থ থ্যাংকস্গিভিং কামনা করছি।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য, 24 নভেম্বর 2020

দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস

আপনার একটি ডিভাইস অথবা টেকনিক্যাল সাপোর্ট প্রয়োজন আছে কি? ভাঙ্গা, হারিয়ে, অথবা চুরি যাওয়া কোনো ডিভাইসে আপনার সহায়তা প্রয়োজন আছে কি? DOE-এর IT হেল্প ডেস্কে 718-935-5100 নম্বরে ফোন করুন এবং সহায়তা পাবার জন্য 5 চাপুন।

এছাড়াও আপনি অনলাইনে দ্রুত সহায়তা পেতে পারেন:

- টেক সাপোর্ট (প্রযুক্তিগত সহায়তা) বিষয়ক সহায়তার জন্য: schools.nyc.gov/technicaltools
- একটি টেক সাপোর্ট টিকেট জন্য অনুরোধ করুন: schools.nyc.gov/techsupport
- একটি ডিভাইস অনুরোধ করুন: schools.nyc.gov/devices
- DOE থেকে ইস্যুকৃত একটি আইপ্যাডের জন্য সহায়তা পেতে: schools.nyc.gov/ipadfixes
- আপনার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সহায়তার জন্য: schools.nyc.gov/internet

দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চলাকালে আপনার সন্তান যেসব প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারে এবং তাদের সহায়তা করা সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন schools.nyc.gov/remotechecklist।

দূর থেকে বা রিমোট শিক্ষা নির্দেশনার জন্য উপস্থিতির শর্তাবলী

আমরা যখন এই শিক্ষা বছরের সকল পরিবর্তন অব্যাহতভাবে সামঞ্জস্য করে যাচ্ছি, প্রতিটি শিক্ষার্থীর প্রত্যেক স্কুল দিবসে শেখা এবং তাদের স্কুলের একজন যত্নশীল প্রাপ্তবয়স্কের সাথে সম্পৃক্ত করা সংক্রান্ত আমাদের লক্ষ্য একই রয়েছে। পূর্বের ঘোষণা অনুযায়ী, 2020-21 শিক্ষা বছরের জন্য, একজন শিক্ষার্থীর শিক্ষা গ্রহণ ও শিক্ষা নির্দেশনায় সম্পৃক্ততা লক্ষ্য রাখতে আমরা উপস্থিতির আরো প্রচলিত সংজ্ঞায় ফিরে যাচ্ছি।

- “উপস্থিত" - সময়সূচিকৃত স্কুল দিবসে একটি সুনির্দিষ্ট ভার্চুয়াল শিক্ষণ পরিবেশ চলাকালে ভার্চুয়ালভাবে উপস্থিত হওয়া এবং অংশগ্রহণ করা, অথবা সময়সূচিকৃত কোর্সের কাজে অংশগ্রহণ করা হিসেবে সংজ্ঞায়িত। এটা হতে পারে জুম (Zoom)-এ পূর্ণ অথবা ছোট দলে শিক্ষা নির্দেশনায় লগ ইন করা, শিক্ষার্থী-শিক্ষক চেক ইন-এ অংশগ্রহণ করা, পূর্বে-রেকর্ডকৃত লেসন ও কোর্সওয়ার্ক সম্পন্ন করা, অথবা অনলাইন কাঠামোয় দলীয় প্রজেক্ট ও আলোচনায় অংশগ্রহণ করা।

- “অনুপস্থিত” - সময়সূচিকৃত স্কুল দিবসে একটি রিমোট ক্লাস, রিমোট লেসন, অথবা সময়সূচিকৃত শিক্ষক-শিক্ষার্থী শিক্ষা নির্দেশনা চলাকালে অনুপস্থিত থাকা হিসেবে সংজ্ঞায়িত।

2020-21 শিক্ষা বছরে গ্রেড প্রদান

মিশ্র (ব্লেন্ডেড) এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) মডেলে শিক্ষার্থীরা কীভাবে কাজ করবে সেটার প্রতিফলন হবে স্কুলগুলোর গ্রেড প্রদানের নীতিতে। এর অর্থ হচ্ছে অ্যাসাইনমেন্টে নমনীয়তা, যা শিক্ষার্থীরা কী শিখেছে তা প্রদর্শন করার ভিন্ন উপায় প্রদান করে।

গ্রেড এখনও শিক্ষায়তনিক অগ্রগতি ও কার্যসম্পাদনার উপর ভিত্তি করে হবে, এবং শিক্ষার্থীর প্রতিটি বিষয়ে সমগ্র কার্য বিবেচনা করে। এই বছর, এই বছর, কয়েকটি বিকল্প থেকে প্রতিটি স্কুল তাদের নিজস্ব গ্রেডের মানদণ্ড বেছে নিয়েছে, এতে অন্তর্ভুক্ত একটি 1-4 স্কেল, একটি সংখ্যাবাচক স্কেল (100 পয়েন্ট), এবং একটি বর্ণানুক্রম স্কেল (A-D)।

Department of Education
Chancellor Richard A. Carranza

আপনি গ্রেড প্রদান সংক্রান্ত আরো তথ্য পাবেন schools.NYC.gov/messagesforfamilies/#grading -সাইট।

সশরীরে পরীক্ষা বা টেস্টিংয়ের জন্য কীভাবে সম্মতি প্রদান করতে হবে

যখন আমরা সশরীরে শিক্ষায় পুনরায় ফিরে যাব, শিক্ষা বছরের বাকি সময়, 1-12 গ্রেডের শিক্ষার্থীরা এলোমেলোভাবে বেছে নেয়া COVID-19 পরীক্ষা বা টেস্টিংয়ে অংশগ্রহণ করবে। স্টাফ ও শিক্ষার্থীদের স্কুলের অভ্যন্তরে নিয়মিত পরীক্ষণ বা টেস্টিং আমাদের স্কুল ও সার্বিক কমিউনিটিগুলোকে সুস্থ ও নিরাপদ রাখার সুযোগ দেয়। সিটিজুড়ে 57,000-এর বেশি শিক্ষার্থীদের ইতোমধ্যেই পরীক্ষা করা হয়েছে। পরীক্ষণ বা টেস্টিং প্রক্রিয়া দ্রুত ও সহজ, এবং নাকের অগ্রভাগে/সম্মুখভাগে একটি ছোট সোয়াব (যেমন Q-টিপ) দিয়ে সোয়াবিং করানো হয়। সোয়াবের দৈর্ঘ্যে তারতম্য হবে, কিন্তু শুধুমাত্র একটি ছোট অংশ নাকের সম্মুখভাগে পাঁচ থেকে দশ সেকেন্ডের জন্য প্রবেশ করানো হবে।

আপনার সন্তানকে যেন পরীক্ষা করা যায় তা নিশ্চিত করতে, অনুগ্রহ করে একটি পরীক্ষা বা টেস্টিংয়ের সম্মতির ফর্ম পূরণ করুন। আপনি এই সম্মতিপত্র দুইটি সহজ উপায়ে পূরণ করতে পারেন:

1. **অনলাইন:** অনলাইনে ফর্মটি একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) ব্যবহার করে পূরণ করুন। mystudent.nyc দেখুন।
   - যদি আপনার শিক্ষার্থীর(দের) সাথে সংযুক্ত একটি NYCSA অ্যাকাউন্ট ইতোমধ্যে থেকে থাকে: লগ ইন করুন, আপনার শিক্ষার্থীর নামে ক্লিক করুন, "অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ (Manage Account)"-এ ক্লিক করুন, এবং এরপর যখন একটি ড্রপডাউন মেন্যু আবির্ভূত হয়, "সম্মতি ফর্মসমূহ (Consent Forms)"-এ ক্লিক করুন। পৃষ্ঠাটি পড়ুন, এবং এরপর একেবারে শেষে আপনার সন্তানের জন্য সম্মতি অপশনটি বেছে নিন।
   - যদি আপনার ইতোমধ্যেই একটি NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে: আপনি এখনই একটি তৈরি করতে পারেন! যদি আপনার স্কুলে থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে থাকে, আপনি আনুমানিক পাঁচ মিনিটে একটি পূর্ণ অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন, এবং এরপর উপরিল্লিখিত সম্মতি প্রদান করতে পারবেন। যদি আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে না থাকে, আপনি তারপরও সম্মতি প্রদান করতে পারেন "COVID-19 Testing (পরীক্ষণ)" -এর অধীনে "সম্মতি নিয়ন্ত্রণ (Manage Consent)"-এ ক্লিক করে এবং আপনি ও আপনার সন্তানের তথ্য প্রদান করে।

2. **কাগজের ফর্ম:** কাগজের ফর্মটি পূরণ করুন এবং স্কুলে ফেরত দিন। একটি মুদ্রণযোগ্য PDF ফাইল দশটি ভাষায় পাওয়া যাবে schools.nyc.gov/covidtesting -সাইটে।

আপনার সন্তান সশরীরে শিক্ষা পুনরায় শুরু করার প্রথম দিন আপনার সম্মতি পত্র অবশ্যই জমা দিতে হবে। আপনি যদি ইতোমধ্যে আপনার সন্তানকে পরীক্ষা করতে দেয়ার জন্য সম্মতি পত্র জমা দিয়ে থাকেন পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য, আমাদের কাছে সর্বসাম্প্রতিক তারিখের পত্রটি আছে তা নিশ্চিত করতে আমরা আপনাকে আবার জমা দিতে উৎসাহিত করছি।

সম্মতি ও পরীক্ষা বা টেস্টিং সম্পর্কে আপনি বাড়তি তথ্য খুঁজে পাবেন schools.nyc.gov/covidtesting *সাইটে দেয়া বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীতে*।